

क्यः ८५ वाल-पूकि। है गुर्वे हैं

অর্থ

প্রথমবার-সৃষ্টিকর্তা, অগ্রণী, প্রথম প্রবর্তক

English

- □ Al-Mubdi'
- The One who started the human being. That is, He created him.
- The Beginner, the Creator, The Originator

ব্যাখ্যা

اً الْمُبْدِيُّ আল-মুবদিয়ু (প্রথম সৃষ্টিকারী, অগ্রণী, প্রথম প্রবর্তক): আল-মুবদিয়ু- আল-মু'ঈদ (পুনরুত্থানকারী, পুনরুদ্ধারকারী, পুন:প্রতিষ্ঠাকারী)।[1] | Al-Mubdi | The Originator, The Initiator

যুজাজ (পৃ. ৫৫), খাত্তাবী তার শানুদ দো'আয় (পৃ. ৭৯), বায়হাকী তার আসমা ওয়াস সিফাত (পৃ. ৯৫) কিতাবে এবং গাজ্জালী তার আল-মাকসাদুল আসনা শরহি আসমাউল্লাহিল হুসনা (পৃ. ৬৩) কিতাবে এ নামদ্বয় আসমাউল হুসনার অন্তর্ভুক্ত করেছেন। আল-মু'ঈদ (পুনরুত্থানকারী, পুনরুদ্ধারকারী, পুন:প্রতিষ্ঠাকারী) সম্পর্কে আল্লাহ তা'আলা বলেছেন,

"আর তিনিই সৃষ্টির সূচনা করেন তারপর তিনিই এর পুনরাবৃত্তি করবেন।" [সূরা আর-রূম, আয়াত: ২৭] তিনিই সৃষ্টির সূচনা করেছেন তাদেরকে পরীক্ষা করার জন্য যাতে তিনি দেখতে পান কারা ভালো কাজ করেন, অত:পর তিনি তাদেরকে পুনরায় সৃষ্টি করবেন যাতে ভালো কাজের উত্তম প্রতিদান এবং খারাপ কাজের নিকৃষ্ট শাস্তি দান করতে পারেন। এমনিভাবে তিনি মাখলুকাতকে স্তরে স্তরে সৃষ্টি করেন অত:পর সর্বদা তাদেরকে পুনরাবৃত্তি করেন।[2]

[1] এ নাম দুটি আসমাউল হুসনা হওয়ার কোন সহীহ দলিল পাওয়া যায়নি।



[2] আত-তাফসীর, ৫/৬২৮-৬২৯।

Source — https://www.hadithbd.com/99namesofallah/detail/?nid=59

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন